250902 - রমযানের দিনের বেলায় ইলেক্ট্রনিক সার্জারি করার বিধান

প্রশ্ন

রমযান মাসে নন-ইমার্জেন্সি অপারেশনের ব্যাপারে আমার প্রশ্ন। যে অপারেশনের কারণে কিছুদিন রোযা ভাঙ্গতে হবে; এটা কি জায়েয? উল্লেখ্য, অপারেশনটি করাতে রমযানের পর পর্যন্ত দেরী করলে সার্জন ডাক্তারের ভ্রমণ ও আমার কর্মগত পরিস্থিতির কারণে সুযোগ ছুটে যেতে পারে।

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

যদি রমযানের পর পর্যন্ত দেরী করলে রোগ বেড়ে যেতে পারে বা আরোগ্য লাভ বিলম্ব হতে পারে; যার ফলে রোগীর কষ্ট হবে কিংবা দেরী করলে সমস্যায় পড়তে হতে পারে; যেমন- বিকল্প এপয়েন্টমেন্ট অনেক পরে ছাড়া না পাওয়া কিংবা অভিজ্ঞ ডাক্তার ছুটে যাওয়া: এমন অবস্থাগুলোর প্রেক্ষিতে রমযান মাসে অপারেশন করাতে কোন সমস্যা নেই। যদি অপারেশনের কারণে রোযা ভাঙ্গতে হয় তবুও।

আর যদি রমযানের পর অপারেশনটি করালে তেমন কোন সমস্যা বা কষ্ট না থাকে সেক্ষেত্রে এ অপারেশনের জন্য রোযা ভাঙ্গা জায়েয হবে না। কারণ রমযানের রোযা একটি ফরয ইবাদত; তাই বিলম্বে সম্পাদন করা যায় এমন বিষয়ের জন্য ফরয ইবাদত বর্জন করা যাবে না।

এ উত্তর আমাদের শাইখ আব্দুর রহমান আল-বার্রাক যা বলেছেন সেটার সার-সংক্ষেপ।

আরও জানতে দেখুন: 141646 নং ও 12488 নং প্রশ্নোত্তর।

আল্লাহ্ই সর্বজ্ঞ।